

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
চট্টগ্রাম কেন্দ্র।

নং-১৫.৫৪.১৫০০.০৪২.৮৩.৩৬৮.২২. ৬৭৪

তারিখঃ ১৫ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির ৩য় সভার কার্যবিবরণী

তারিখ : ৩০.০৩.২০২৩
স্থান : সভা কক্ষ
সময় : দুপুর ১২.০০টা
সভাপতি : নূর আনোয়ার হোসেন, জেনারেল ম্যানেজার (চ: দা:), বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র
সভায় উপস্থিতি : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য


সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিবীক্ষণ কমিটির সদস্য-সচিব ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার কার্যক্রম সভায় তুলে ধরেন।

০২। ২০২২-২৩ অর্থ বছরের অনুচ্ছেদ ১.১ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনঃগঠনপূর্বক ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। ১.২ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, ১.৩ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত মূল্যায়ন প্রক্রিয়া অনুযায়ী ০২টি সভা আয়োজন এবং কর্মকর্তা/কর্মচারীদের সাধারণ ভবিষ্য তহবিল, অর্জিত ছুটি, শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রদান, পিআরএল ও বিভিন্ন ছুটির আবেদনের প্রেক্ষিতে শতভাগ সেবা প্রদান করার বিষয়ে সভায় আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত:

- (ক) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অনুচ্ছেদ ১.১ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করতে হবে;
- (খ) অনুচ্ছেদ ২.১ এ বর্ণিত কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতাবৃদ্ধির জন্য সেবা প্রদান সংক্রান্ত আইন-কানুন, বিধি-বিধান এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে প্রশিক্ষণ আয়োজন করতে হবে;
- (গ) অনুচ্ছেদ ২.২ অনুযায়ী ২০২২-২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনা মোতাবেক সেবা প্রদান বিষয়ে ৩য় কোয়ার্টারে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০১টি অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। ৪র্থ কোয়ার্টারে অপর একটি সভা আয়োজন করতে হবে;
- (ঘ) কর্মকর্তা/কর্মচারীদের সাধারণ ভবিষ্য তহবিল, অর্জিত ছুটি, শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রদান, পিআরএল এবং বিভিন্ন ছুটির আবেদনের প্রেক্ষিতে শতভাগ সেবা প্রদান নিশ্চিত করতে হবে ;
- (ঙ) সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে সদর দপ্তরে প্রেরণ করতে হবে;

০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


নূর আনোয়ার হোসেন
জেনারেল ম্যানেজার (চ: দা:)

মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর, রামপুরা
ঢাকা।

বিতরণ: উপস্থিত কর্মকর্তাবৃন্দ।

অনুলিপি:

০১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)